গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৩১৬ তারিখ: ১৭ পৌষ ১৪২৬
০১ জানুয়ারি ২০২০

বিষয়: **সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মো: নেছার আহমদ কর্তৃক জ্যেষ্ঠতা লঙ্ঘন, প্রভিডেন্ট ফান্ড না খোলা ও হয়রানি করার অভিযোগ।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.১৯/৬১৫৩ তারিখ:২১/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মোঃ নেছার আহমদ সরকারি নীতিমালা অমান্য, কলেজ পরিচালনায় অদক্ষতা এবং জ্যেষ্ঠতা লংঘন করেছেন মর্মে তদন্ত কমিটি কর্তৃক প্রতীয়মান হওয়ায় তাকে এরুপ কাজ হতে বিরত থাকা এবং ভবিষ্যতের জন্য সতর্ক করে পত্রপ্রদানসহ নিম্নোক্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষকে "জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারী কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন (সংশোধিত), ২০১৯ এর ৩১ ধারা" অনুসারে নাছরিন জাহানসহ সকল শিক্ষকদের বিধিমোতাবেক ভবিষ্যত তহবিল সংক্রান্ত সুবিধা প্রদান।
(খ) জনাব নাছরিন জাহান, ইনডেক্স নং- ৩০৯০৪৫২, প্রভাষক (অর্থনীতি)-কে বিধিমোতাবেক জ্যেষ্ঠতা প্রদান।
(গ) অধ্যক্ষসহ সকল শিক্ষক-শিক্ষিকা এবং কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতার ক্রমানুসারে ডিজিটাল হাজিরা পদ্ধতির প্রয়োজনীয় (সফটওয়্যারসহ আনুসংগিক) সংশোধন।

১-১-২০২০
মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৩১৬/১(৪) তারিখ: ১৭ পৌষ ১৪২৬
০১ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব এঁর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সভাপতি, গর্ভানিং বডি, বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, সিলেট।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১-১-২০২০
মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব